বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো**
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর আগস্ট, ২০২০ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : মো: জাফর উল্লাহ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।
তারিখ : ২৫ আগস্ট ২০২০
সময় : ১১.০০ টায়
স্থান : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে সকলকে করোনা পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি মেনে কাজ করতে বলেন। স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রনীত গাইডলাইন সকলকে অনুসরণ করে কাজ করার নির্দেশনা প্রদান করেন। সভাপতি সভার শুরুতে এ ব্যুরোর সার্বিক কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করেন। অত:পর আলোচ্য সূচী অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

১। গত ১৫.০৭.২০২০ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

২। গত ১৫.০৭.২০২০ তারিখের অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | **বাজেট বিভাজন, ২০২০-২০২১**<br>অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী প্রতি অর্থবছরের শুরুতেই বাজেট প্রাপ্তির পর তা কোয়ার্টারভিত্তিক বিভাজন করে আইবাস++ এ এন্ট্রি দিতে হয়। সভাপতি বাজেট সংশ্লিষ্ট কর্মকর্তাকে যথাযথভাবে কোযার্টারভিত্তিক বাজেট বিভাজনের নির্দেশনা প্রদান করেন। বাজেট সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, বিএমডির ২০২০-২০২১ অর্থবছরের বাজেট পরিপত্র-২ এ বাজেট প্রস্তুতির সময় চূড়ান্ত বাজেট ৩ কোটি ৫০ লক্ষ টাকা অনুমোদন হলেও বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া কোভিড-১৯ এর কারণে চলমান কোভিড-১৯ পরিস্থিতি মোকামেলা ও সরকারের কৃচ্ছ সাধন নীতির আলোকে আগামী ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন ব্যয়ের আওতায় সকল প্রকার নতুন/প্রতিস্থাপক হিসেবে যানবহন ক্রয় বন্ধ থাকবে এবং সরকারি ভ্রমণের ব্যয়নির্বাহের ক্ষেত্রে ১৯ জুলাই ২০২০ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০২.২০২০.০৯ নং স্মারকের মাধ্যমে | ক) অর্থ ব্যয়ের ক্ষেত্রে বিধি-বিধান যথারীতি অনুসরণ করতে হবে।<br>(খ) অর্থ ব্যয়ে অডিট আপত্তি হয় এমন কোন কার্যক্রম করা যাবে না।<br>(গ) কোয়ার্টার ভিত্তিক ব্যয় নিশ্চিত করার জন্য সচেষ্ট থাকতে হবে।<br>(ঘ) যুক্তিসংগত ক্রয়/ব্যয়ের ক্ষেত্রে ক্রয় নীতিমালা অনুসরণ করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | বরাদ্দকৃত অর্থের ৫০% বরাদ্দ স্থগিত থাকবে মর্মে অর্থ মন্ত্রণালয় পরিপত্র জারি করে। বিএমডির গাড়ি ক্রয়ের লক্ষ্যে ৫০ লক্ষ টাকা এবং ভ্রমণ ব্যয়ের ৫০% বরাদ্দ বাদ দিয়ে বর্তমানে অনুমোদিত বাজেট দাড়ায় ২,৯০,০০,০০০/-(দুই কোটি নব্বই লক্ষ) টাকা। সভাপতি এই বাজেট বরাদ্দ সামঞ্জস্যপূর্ণভাবে প্রত্যেক কোয়ার্টারে যুক্তিসংগত বিভাজন করার নির্দেশনা প্রদান করেন। এ বাজেট বিভাজন অনুযায়ী প্রতি কোয়ার্টারের ব্যয় নির্বাহ করার জন্য সচেষ্ট থাকতে হবে। মনে রাখতে হবে এ ব্যয় নিজস্ব টাকা ব্যয় করছি। এরুপ মনমানসিকতা থাকতে হবে। | | |
| ২.২ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২০-২০২১**<br>এপিএ বিষয়ক বিএমডির সহকারী ফোকাল পয়েন্ট কর্মকর্তা সহকারী পরিচালক (ভূ-পদার্থ) জনাব মোঃ মাহফুজুর রহমান সভাকে অবহিত করেন যে, বিএমডির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ স্বাক্ষরিত হয়েছে। সভাপতি বলেন, চুক্তি অনুযায়ী বিএমডির আবশ্যিক ও দাপ্তরিক লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। বিএমডির সরেজমিন পরিদর্শন কার্যক্রম বৃদ্ধি করতে হবে। বিএমডির অধিক্ষেত্রের আওতাভুক্ত পাথর ও সিলিকাবালু কোয়ারি এলাকায় অবৈধভাবে পাথর ও সিলিকা বালু উত্তোলন ও অপসারণ বন্ধে নিয়মিত অভিযান পরিচালনা করা প্রয়োজন। রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত BCMCL ও MGMCL-এর কার্যক্রম তদারকি করতে হবে। এছাড়া জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাধ্যমে পাথর ও সিলিকাবালু কোয়ারি ইজারা কার্যক্রম পুনরায় চালুকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এপিএ-এর আবশ্যিক লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তি, জনবল নিয়োগ, বাজেট ও ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন এবং ই-নথির কার্যক্রম বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করেন। | (ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি শতভাগ অর্জন করতে হবে;<br>খ) ই-ফাইলিং বৃদ্ধিসহ নথি নিষ্পত্তি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) ওয়েবসাইট হালনাগাদ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) যেসব বিষয় ওয়েবসাইটে দিতে হবে তার একটি কপি ICT বিষয়ক কর্মকর্তাকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঙ) যথাসময়ে অভিযোগ নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।<br>চ) অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | এপিএ টিম |

| | | | |
|---|---|---|---|
| ২.৩ | **জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ এর প্রথম ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা নিয়ে আলোচনা**<br>সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ দপ্তর কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ বাস্তবায়নের বিভিন্ন দিক পর্যালোচনা করেন। তিনি আগস্ট, ২০২০ মাসের নৈতিকতা কমিটির প্রথম ত্রৈমাসিকের সভা আহ্বানের নির্দেশনা প্রদান করেন। | ২৭ আগস্ট, ২০২০ তারিখে নৈতিকতা কমিটির সভা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়। | নৈতিকতা কমিটি এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২.৪ | **বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২০২১**<br>২০২০-২০২১ অর্থবছরের খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর উদ্ভাবনী ধারণা সংগ্রহের লক্ষ্যে সকল কর্মকর্তা-কর্মচারীকে পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে ইনোভেশন কমিটির সদস্য সহকারী পরিচালক (ভূ-রসায়ন) জনাব আজিজুল হক সভাকে অবহিত করলে সভাপতি তাতে সম্মতি প্রদান করেন। | উদ্ভাবনী ধারণা সংগ্রহের লক্ষ্যে সকল কর্মকর্তা-কর্মচারীকে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |
| ২.৫ | **ইন-হাউজ প্রশিক্ষণ**<br>দপ্তরের কর্ম পরিবেশ উন্নয়ন এবং কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সহকারী পরিচালক (ভূতত্ত্ব) জানান, অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মপরিকল্পনা, ২০২০-২১ ইতোমধ্যে প্রণয়ন করা হয়েছে এবং পরিকল্পনা অনুযায়ী আগস্ট/২০২০ মাসে ০২ (দুই) টি ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। সভাপতি কর্মপরিকল্পনা অনুযায়ী সেপ্টেম্বর, ২০২০ মাসের প্রশিক্ষণ কর্মসূচি প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন। | ক) সেপ্টেম্বর, ২০২০ মাসের প্রশিক্ষণ কর্মসূচি প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির জন্য ইন-হাউজ প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (ভূতত্ত্ব) |
| ২.৬ | **২০১৯-২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন**<br>খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী বার্ষিক প্রতিবেদন, ২০১৯-২০ প্রনয়নের নির্দেশনা রয়েছে। এ লক্ষ্যে সভাপতি ১৬ আগস্ট ২০২০ তারিখ উপপরিচালক জনাব মোঃ মামুনুর রশীদকে আহ্বায়ক এবং সহকারী পরিচালক মোসাঃ মাহবুবা খাতুনকে সদস্য সচিব করে ০৫ (পাঁচ) সদস্যের একটি কমিটি গঠন করেন। কমিটিকে ১৫ | ২০১৯-২০২০ অর্থবছরের বিএমডির বার্ষিক প্রতিবেদন প্রনয়নের লক্ষ্যে কোটেশন আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়। | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি |

| | | | |
|---|---|---|---|
| | (পনের) কার্যদিবসের মধ্যে খসড়া প্রতিবেদন জমা দেওয়া জন্য নির্দেশনা প্রদান করা হয়। সদস্য সচিব জানান, ইতোমধ্যে খসড়া প্রণয়নের কাজ চলছে। সভাপতি, ক্রয় কর্মকর্তাকে বার্ষিক প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে প্রাক্কলিত দর যাচাই এবং কোটেশন আহ্বানের কার্যক্রম শুরু করার নির্দেশনা প্রদান করেন। | | |

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/৮/২০২০

(মোঃ জাফর উল্লাহ)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন : ৮৩৯১৫৬৭
ফ্যাক্স : ৯৩৩৪২১৫
ই-মেইল : dg@bomd.gov.bd

নং-২৮.০৭.০০০০.০৪.০৬.০০৮.১৮.৩০৭

তারিখ : ১১ ভাদ্র ১৪২৭ / ২৬ আগস্ট ২০২০

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে

১। উপপরিচালক, বিএমডি, ঢাকা;
২। সহকারী পরিচালক (সকল)......................................... বিএমডি, ঢাকা;
৩। অফিস কপি।

(মোসাঃ মাহবুবা খাতুন)
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)